রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২৯, ২০১২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ ভাদ্র ১৪১৯ বঙ্গাব্দ/২৬ আগস্ট ২০১২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯৫-আইন/২০১২।**—Registration of Private Schools Ordinance, 1962 (Ord. XX of 1962) এর seciton 8 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজী মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর উপ-বিধি (২) এর—

(১) দফা (ক) তে উল্লিখিত "৫০০০.০০ (পাঁচ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "২০০০.০০ (দুই হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (খ) তে উল্লিখিত "৩০০০.০০ (তিন হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "১০০০.০০ (এক হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) দফা (গ) তে উল্লিখিত "২০০০.০০ (দুই হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৫০০.০০ (পাঁচশত)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;


**মূল্য ঃ** টাকা ৮.০০

(খ) বিধি ৫ এর উপ-বিধি (২) এর—

(১) দফা (ক) তে উল্লিখিত "৬০০০.০০ (ছয় হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৩০০০.০০ (তিন হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (খ) তে উল্লিখিত "৪০০০.০০ (চার হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "২০০০.০০ (দুই হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) দফা (গ) তে উল্লিখিত "৩০০০.০০ (তিন হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "১০০০.০০ (এক হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৬ এর উপ-বিধি (২) এর—

(১) দফা (ক) তে উল্লিখিত "১২০০০.০০ (বার হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৮০০০.০০ (আট হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (খ) তে উল্লিখিত "৮০০০.০০ (আট হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৬০০০.০০ (ছয় হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) দফা (গ) তে উল্লিখিত "৬০০০.০০ (ছয় হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৪০০০.০০ (চার হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) ও (১ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি ব্যবস্থাপনা কমিটি থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—

(ক) সংশ্লিষ্ট বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(খ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত ১ (এক) জন প্রতিনিধি;

(গ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্য হইতে নির্বাচিত ১ (এক) জন অভিভাবক;

(ঘ) সংশ্লিষ্ট বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অভিভাবকগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত ১ (এক) জন পুরুষ ও ১(এক) জন মহিলা প্রতিনিধি;

(ঙ) উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতাগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত বা মনোনীত ৩ (তিন) জন প্রতিনিধি;

(চ) ১ (এক) জন শিক্ষানুরাগী অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী।

(১ক) উপ-ধারা (১) এর অধীন কমিটি গঠিত হইবার পর অনতিবিলম্বে উহা উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করিতে হইবে।";

(ঙ) বিধি ১৩ এর উপ-বিধি (২) এর—

(১) দফা (ক) তে উল্লিখিত "১০০০০০.০০ (এক লক্ষ)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৫০০০০.০০ (পঞ্চাশ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (ক) তে উল্লিখিত "৭৫০০০.০০ (পঁচাত্তর হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "৩০০০০.০০ (ত্রিশ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) দফা (গ) তে উল্লিখিত "৫০০০০.০০ (পঞ্চাশ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "২৫০০০.০০ (পঁচিশ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৪) দফা (গ) তে উল্লিখিত "২৫০০০.০০ (পঁচিশ হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনীর পরিবর্তে "১৫০০০.০০ (পনের হাজার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ১৬ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) কোন শ্রেণীতে ছাত্রছাত্রীর সংখ্যা বিধি ১৫ তে উল্লিখিত অনুপাতের অধিক হইলে পৃথক শাখা খুলিতে হইবে এবং এইরূপ ক্ষেত্রে প্রতি বছর ১৫ ফেব্রুয়ারির মধ্যে নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করিতে হইবে।";

(ছ) বিধি ২০ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে প্রতিষ্ঠিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমির পরিমাণ উপ-ধারা (১) এ উল্লিখিত ভূমির পরিমাণের কম হইলেও এই বিধিমালার অধীন উহা নিবন্ধন করা যাইবে।";

(জ) বিধি **২১** এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত পাঠ্যবই আবশ্যিকভাবে পাঠ্যপুস্তক তালিকায় অন্তর্ভুক্ত বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ করিতে হইবে এবং উক্ত ক্ষেত্রে বিদ্যালয় কর্তৃপক্ষ, প্রয়োজনে, ইহার অতিরিক্ত যুগোপযোগী অন্যান্য বইও অন্তর্ভুক্ত করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, অতিরিক্ত যুগোপযোগী বইসমূহ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর প্রণীত পাঠ্যপুস্তক তালিকার অন্তর্ভুক্ত হইতে হইবে।";

(ঝ) বিধি **৩১** এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৩) প্রত্যেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি প্রত্যেক অর্থ বৎসর সমাপ্ত হইবার পর উক্ত বিদ্যালয়ের আর্থিক কর্মকাণ্ড সম্পর্কে ব্যস্থাপনা কমিটির সদস্যদের সমন্বয়ে গঠিত অডিট কমিটি দ্বারা নিরীক্ষা সম্পাদন করিবে এবং উহার একটি রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবুল কালাম**
উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd